ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নংঃ ৩১.০০.০০০০.০৯২.১৬.০০৩.২২-১৮৫২

তারিখঃ ১০ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

প্রেরকঃ মোজাফফর আহমেদ
যুগ্মসচিব
প্রকল্প পরিচালক
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ভূমি মন্ত্রণালয়।

প্রাপকঃ চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।

**বিষয়ঃ ভূমি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দকৃত অর্থ হতে উপজেলা ভূমি অফিসে কম্পিউটার অপারেটর পদে যোগদানকৃতদের ৩২১১১০৯ সাকুল্য বেতন (সরকারী কর্মচারী ব্যতীত) কোড হতে বেতন ভাতা নির্বাহের জন্য মোট= ৩৬০৮৪৯০০ /-( তিন কোটি ষাট লক্ষ চুরাশি হাজার নয়শত) টাকার সরকারি মঞ্জুরী জ্ঞাপন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী উপজেলা পর্যায়ে ৪৫১ জন কম্পিউটার অপারেটর নিয়োগ প্রদান করা হয়। ৬১টি জেলার (৩টি পার্বত্য জেলা ব্যতীত) জেলা প্রশাসকগণের অনুকূলে তাঁর সংশ্লিষ্ট উপজেলা/মেট্রো/থানা/রাজস্ব সার্কেলের সংখ্যার আনুপাতিক হারে (কম বা বেশী) কম্পিউটার অপারেটর পদে যোগদানকৃতদের ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের আবর্তক ব্যয়ের "৩২১১-প্রশাসনিক ব্যয়" খাতের ৩২১১১০৯- **সাকুল্য বেতন (সরকারী কর্মচারী ব্যতীত)** উপখাত হতে কম্পিউটার অপারেটরগণের বেতন-ভাতা, টিএ/ডিএসহ অন্যান্য খরচ প্রদান করা হবে। অর্থ বরাদ্দ, প্রশাসনিক কাজ ও যোগাযোগের সুবিধার্থে ৮টি বিভাগের ৬১টি জেলার (৩টি পার্বত্য জেলা ব্যতীত) **জেলা প্রশাসকগণ** মাঠ পর্যায়ে পদাধিকার বলে উপ-প্রকল্প পরিচালক হিসেবে আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

০২। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাজেট শাখা-১১ এর গত ১৪/০১/২০১৬ তারিখের স্মারক নং-০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-১৫ এ উন্নয়ন প্রকল্পে কর্মরত জনবলের সাকুল্য বেতন স্কেল নির্ধারণের পরিপত্র অনুসারে নিম্ন লিখিত ০৩(তিন) ক্যাটাগরীর কম্পিউটার অপারেটরগণের পদায়ন অনুসারে সাকুল্য বেতন নির্ধারিত হবে।

| ক্যাটাগরী | এলাকা | গ্রেড | সাকুল্য বেতন |
|---|---|---|---|
| ক | ঢাকা মেট্রোপলিটন | ১৩ | ১৯৩০০/- |
| খ | চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট ,বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকা | ১৩ | ১৮২০০/- |
| গ | অন্যান্য স্থান | ১৩ | ১৭৬৫০/- |

প্রকল্প পরিচালকের কার্যালয় ভূমি মন্ত্রণালয় ঢাকা-১০০০ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প

০৩। ২০২২-২০২৩ অর্থ-বছরে নিম্নলিখিত ছকে জেলাভিত্তিক **বেতন ভাতা নির্বাহের জন্য** বরাদ্দ নির্ধারণ করা হলো:-

| ক্রঃ | বিভাগ | জেলার নাম | পদ সংখ্যা | ক্যাটাগরী | সাকুল্য বেতন | মাসের সংখ্যা | ৭ নং কলাম অনুসারে মাসের বেতন (৪X৬X৭) | উৎসব ভাতা (ভাতা প্রাপ্য CO সংখ্যা X ১১০০০) | মোট প্রদেয় (৮+৯) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | চট্টগ্রাম | কুমিল্লা | ১৬ | গ | ১৭৬৫০ | ৪ | ১১২৯৬০০ | ৪৪০০০ | ১১৭৩৬০০ |
| ২ | | ব্রাহ্মনবাড়িয়া | ৮ | গ | ১৭৬৫০ | ৪ | ৫৬৪৮০০ | ৬৬০০০ | ৬৩০৮০০ |
| ৩ | | নোয়াখালি | ৮ | গ | ১৭৬৫০ | ৪ | ৫৬৪৮০০ | ৪৪০০০ | ৬০৮৮০০ |
| ৪ | | চাঁদপুর | ৭ | গ | ১৭৬৫০ | ৪ | ৪৯৪২০০ | ০ | ৪৯৪২০০ |
| ৫ | | লক্ষ্মীপুর | ৪ | গ | ১৭৬৫০ | ৪ | ২৮২৪০০ | ০ | ২৮২৪০০ |
| ৬ | | কক্সবাজার | ৫ | গ | ১৭৬৫০ | ৪ | ৩৫৩০০০ | ২২০০০ | ৩৭৫০০০ |
| ৭ | | ফেনী | ৬ | গ | ১৭৬৫০ | ৪ | ৪২৩৬০০ | ৪৪০০০ | ৪৬৭৬০০ |
| ৮ | | চট্টগ্রাম | ১৯ | খ(৬) | ১৮২০০ | ৪ | ৪৩৬৮০০ | ২২০০০০ | ১৫৭৪৬০০ |
| | | | | গ(১৩) | ১৭৬৫০ | | ৯১৭৮০০ | | |
| ৯ | রাজশাহী | সিরাজগঞ্জ | ৯ | গ | ১৭৬৫০ | ৪ | ৬৩৫৪০০ | ২২০০০ | ৬৫৭৪০০ |
| ১০ | | বগুড়া | ১১ | গ | ১৭৬৫০ | ৪ | ৭৭৬৬০০ | ৪৪০০০ | ৮২০৬০০ |
| ১১ | | রাজশাহী | ১০ | খ(১) | ১৮২০০ | ৫ | ৯১০০০ | ১৪৩০০০ | ১০২৮৩০০ |
| | | | | গ(৯) | ১৭৬৫০ | | ৭৯৪২৫০ | | |
| ১২ | | নাটোর | ৭ | গ | ১৭৬৫০ | ৫ | ৬১৭৭৫০ | ৮৮০০০ | ৭০৫৮০০ |
| ১৩ | | জয়পুরহাট | ৪ | গ | ১৭৬৫০ | ৪ | ২৮২৪০০ | ০ | ২৮২৪০০ |
| ১৪ | | চাঁপাইনবাবগঞ্জ | ৫ | গ | ১৭৬৫০ | ৪ | ৩৫৩০০০ | ০ | ৩৫৩০০০ |
| ১৫ | | নওগাঁ | ১০ | গ | ১৭৬৫০ | ৪ | ৭০৬০০০ | ২২০০০ | ৭২৮০০০ |
| ১৬ | | পাবনা | ৯ | গ | ১৭৬৫০ | ৪ | ৬৩৫৪০০ | ০ | ৬৩৫৪০০ |
| ১৭ | খুলনা | কুষ্টিয়া | ৬ | গ | ১৭৬৫০ | ৪ | ৪২৩৬০০ | ২২০০০ | ৪৪৫৬০০ |
| ১৮ | | সাতক্ষীরা | ৭ | গ | ১৭৬৫০ | ৪ | ৪৯৪২০০ | ৪৪০০০ | ৫৩৮২০০ |
| ১৯ | | যশোর | ৮ | গ | ১৭৬৫০ | ৪ | ৫৬৪৮০০ | ০ | ৫৬৪৮০০ |
| ২০ | | মেহেরপুর | ৩ | গ | ১৭৬৫০ | ৪ | ২১১৮০০ | ০ | ২১১৮০০ |
| ২১ | | নড়াইল | ৩ | গ | ১৭৬৫০ | ৪ | ২১১৮০০ | ২২০০০ | ২৩৩৮০০ |
| ২২ | | চূয়াডাঙ্গা | ৪ | গ | ১৭৬৫০ | ৫ | ৩৫৩০০০ | ৫৫০০০ | ৪০৮০০০ |
| ২৩ | | মাগুরা | ৩ | গ | ১৭৬৫০ | ৪ | ২১১৮০০ | ২২০০০ | ২৩৩৮০০ |
| ২৪ | | খুলনা | ৯ | খ(১) | ১৮২০০ | ৪ | ৭২৮০০ | ১১০০০০ | ৭৪৭৬০০ |
| | | | | গ(৮) | ১৭৬৫০ | | ৫৬৪৮০০ | | |
| ২৫ | | বাগেরহাট | ৭ | গ | ১৭৬৫০ | ৪ | ৪৯৪২০০ | ০ | ৪৯৪২০০ |
| ২৬ | | ঝিনাইদহ | ৬ | গ | ১৭৬৫০ | ৪ | ৪২৩৬০০ | ০ | ৪২৩৬০০ |
| ২৭ | বরিশাল | ঝালকাঠি | ৪ | গ | ১৭৬৫০ | ৫ | ৩৫৩০০০ | ৪৪০০০ | ৩৯৭০০০ |
| ২৮ | | পটুয়াখালী | ৭ | গ | ১৭৬৫০ | ৪ | ৪৯৪২০০ | ২২০০০ | ৫১৬২০০ |
| ২৯ | | পিরোজপুর | ৭ | গ | ১৭৬৫০ | ৪ | ৪৯৪২০০ | ৮৮০০০ | ৫৮২২০০ |
| ৩০ | | বরিশাল | ৯ | খ(১) | ১৮২০০ | ৪ | ৭২৮০০ | ৮৮০০০ | ৭২৫৬০০ |
| | | | | গ(৮) | ১৭৬৫০ | | ৫৬৪৮০০ | | |
| ৩১ | | বরগুনা | ৫ | গ | ১৭৬৫০ | ৪ | ৩৫৩০০০ | ২২০০০ | ৩৭৫০০০ |
| [illegible] | | ভোলা | ৬ | গ | ১৭৬৫০ | ৪ | ৪২৩৬০০ | ২২০০০ | ৪৪৫৬০০ |

| ক্রঃ | বিভাগ | জেলার নাম | পদ সংখ্যা | ক্যাটাগরী | সাকুল্য বেতন | মাসের সংখ্যা | ৭ নং কলাম অনুসারে মাসের বেতন (৪X৬X৭) | উৎসব ভাতা (ভাতা প্রাপ্য CO সংখ্যা X ১১০০০) | মোট প্রদেয় (৮+৯) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩৩ | সিলেট | সিলেট | ১১ | খ(১) | ১৮২০০ | ৫ | ৯১০০০ | ১৮৭০০০ | ১১৬০৫০০ |
| | | | | গ(১০) | ১৭৬৫০ | | ৮৮২৫০০ | | |
| ৩৪ | | মৌলভীবাজার | ৬ | গ | ১৭৬৫০ | ৪ | ৪২৩৬০০ | ১১০০০০ | ৫৩৩৬০০ |
| ৩৫ | | হবিগঞ্জ | ৮ | গ | ১৭৬৫০ | ৫ | ৭০৬০০০ | ১১০০০০ | ৮১৬০০০ |
| ৩৬ | | সুনামগঞ্জ | ৯ | গ | ১৭৬৫০ | ৪ | ৬৩৫৪০০ | ১৩২০০০ | ৭৬৭৪০০ |
| ৩৭ | ঢাকা | নারায়ণগঞ্জ | ৭ | খ(৩) | ১৮২০০ | ৪ | ২১৮৪০০ | ০ | ৫০০৮০০ |
| | | | | গ(৪) | ১৭৬৫০ | | ২৮২৪০০ | | |
| ৩৮ | | নরসিংদী | ৬ | গ | ১৭৬৫০ | ৫ | ৫২৯৫০০ | ৮৮০০০ | ৬১৭৫০০ |
| ৩৯ | | গাজীপুর | ৬ | খ(২) | ১৮২০০ | ৪ | ১৪৫৬০০ | ৪৪০০০ | ৪৭২০০০ |
| | | | | গ(৪) | ১৭৬৫০ | | ২৮২৪০০ | | |
| ৪০ | | টাঙ্গাইল | ১১ | গ | ১৭৬৫০ | ৪ | ৭৭৬৬০০ | ২২০০০ | ৭৯৮৬০০ |
| ৪১ | | কিশোরগঞ্জ | ১১ | গ | ১৭৬৫০ | ৪ | ৭৭৬৬০০ | ০ | ৭৭৬৬০০ |
| ৪২ | | মানিকগঞ্জ | ৭ | গ | ১৭৬৫০ | ৪ | ৪৯৪২০০ | ২২০০০ | ৫১৬২০০ |
| ৪৩ | | ঢাকা | ১৯ | ক(৯) | ১৯৩০০ | ৫ | ৮৬৮৫০০ | ২২০০০০ | ১৯৭৩৮০০ |
| | | | | খ(১) | ১৮২০০ | | ৯১০০০ | | |
| | | | | গ(৯) | ১৭৬৫০ | | ৭৯৪২৫০ | | |
| ৪৪ | | রাজবাড়ী | ৫ | গ | ১৭৬৫০ | ৪ | ৩৫৩০০০ | ০ | ৩৫৩০০০ |
| ৪৫ | | মাদারীপুর | ৩ | গ | ১৭৬৫০ | ৫ | ২৬৪৭৫০ | ৩৩০০০ | ২৯৭৮০০ |
| ৪৬ | | গোপালগঞ্জ | ৫ | গ | ১৭৬৫০ | ৪ | ৩৫৩০০০ | ৬৬০০০ | ৪১৯০০০ |
| ৪৭ | | ফরিদপুর | ৮ | গ | ১৭৬৫০ | ৪ | ৫৬৪৮০০ | ২২০০০ | ৫৮৬৮০০ |
| ৪৮ | | শরীয়তপুর | ৫ | গ | ১৭৬৫০ | ৪ | ৩৫৩০০০ | ০ | ৩৫৩০০০ |
| ৪৯ | | মুন্সীগঞ্জ | ৪ | গ | ১৭৬৫০ | ৪ | ২৮২৪০০ | ০ | ২৮২৪০০ |
| ৫০ | রংপুর | পঞ্চগড় | ৫ | গ | ১৭৬৫০ | ৪ | ৩৫৩০০০ | ৬৬০০০ | ৪১৯০০০ |
| ৫১ | | দিনাজপুর | ১২ | গ | ১৭৬৫০ | ৪ | ৮৪৭২০০ | ১৫৪০০০ | ১০০১২০০ |
| ৫২ | | লালমনিরহাট | ৫ | গ | ১৭৬৫০ | ৪ | ৩৫৩০০০ | ৪৪০০০ | ৩৯৭০০০ |
| ৫৩ | | নীলফামারী | ৬ | গ | ১৭৬৫০ | ৪ | ৪২৩৬০০ | ৬৬০০০ | ৪৮৯৬০০ |
| ৫৪ | | গাইবান্ধা | ৭ | গ | ১৭৬৫০ | ৪ | ৪৯৪২০০ | ০ | ৪৯৪২০০ |
| ৫৫ | | ঠাকুরগাঁও | ৫ | গ | ১৭৬৫০ | ৪ | ৩৫৩০০০ | ০ | ৩৫৩০০০ |
| ৫৬ | | রংপুর | ৮ | খ(১) | ১৮২০০ | ৪ | ৭২৮০০ | ২২০০০ | ৫৮৯০০০ |
| | | | | গ(৭) | ১৭৬৫০ | | ৪৯৪২০০ | | |
| ৫৭ | | কুড়িগ্রাম | ৮ | গ | ১৭৬৫০ | ৪ | ৫৬৪৮০০ | ২২০০০ | ৫৮৬৮০০ |
| ৫৮ | ময়মনসিংহ | ময়মনসিংহ | ১২ | গ | ১৭৬৫০ | ৪ | ৮৪৭২০০ | ৬৬০০০ | ৯১৩২০০ |
| ৫৯ | | জামালপুর | ৭ | গ | ১৭৬৫০ | ৪ | ৪৯৪২০০ | ০ | ৪৯৪২০০ |
| ৬০ | | নেত্রকোনা | ৮ | গ | ১৭৬৫০ | ৪ | ৫৬৪৮০০ | ২২০০০ | ৫৮৬৮০০ |
| ৬১ | | শেরপুর | ৫ | গ | ১৭৬৫০ | ৪ | ৩৫৩০০০ | ২২০০০ | ৩৭৫০০০ |
| সর্বমোট | | | ৪৫১ | | | | | সর্বমোট= | ৩৬০৮৪৯০০ |

ঢাকা-১০০০

০৪। বর্ণিত অবস্থায় সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণ করে ৬১ জন জেলা প্রশাসকের অনুকূলে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে **মোট= ৩৬০৮৪৯০০ /-( তিন কোটি ষাট লক্ষ চুরাশি হাজার নয়শত টাকা)** টাকা বরাদ্দ করার জন্য নির্দেশিত হয়ে নিম্নলিখিত শর্তাধীনে এ আর্থিক মঞ্জুরী জ্ঞাপন করছি।

## শর্তসমূহঃ

(১) এ ব্যয় বর্তমান ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের ভূমি মন্ত্রণালয়ের কোড-১৪৬, প্রতিষ্ঠানিক কোড-১৪৬০১ এর আওতায় প্রকল্প কোড নং ২২৪৩২৩১০০ এ ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের আবর্তক ব্যয়ের "৩২১১- প্রশাসনিক ব্যয়" খাতের ৩২১১১০৯- সাকুল্য বেতন (সরকারী কর্মচারী ব্যতীত) উপখাত হতে কম্পিউটার অপারেটরগণের বেতন-ভাতা প্রদান করা হবে।

(২) এ বরাদ্দের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ উপ-প্রকল্প পরিচালক হিসেবে আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। বরাদ্দকৃত অর্থ ব্যয় সংক্রান্ত যাবতীয় হিসাব বিবরণী বিধি মোতাবেক বিল ভাউচারসহ যাবতীয় কাগজপত্র নিরীক্ষা (Audit) এর জন্য তাঁর অফিসে সংরক্ষণ করবেন।

(৩) এক্ষেত্রে বেতন বিল পরিশোধের জন্য শুধুমাত্র প্রয়োজন অনুযায়ী (যখন যতটুকু প্রয়োজন ততটুকু) আইবাস++ হতে অর্থ উত্তোলন করতে হবে। জেলা প্রশাসকগণ মাসভিত্তিক জেলার সকল কম্পিউটার অপারেটরগণের বেতন-ভাতার বিল হিসাবরক্ষণ অফিসে দাখিলের মাধ্যমে বিল উত্তোলনপূর্বক প্রাপ্ত ট্রেজারী চেক নিজ অফিসে (রাজস্ব শাখায়) **কম্পিউটার অপারেটরগণের বেতন-ভাতার** জন্য আলাদা ব্যাংক হিসাব খুলে সেখানে জমা করে কম্পিউটার অপারেটরগণকে স্ব স্ব একাউন্টে একাউন্টস পেয়ী চেকের মাধ্যমে বেতন-ভাতাদি প্রদান করবেন।

(৪) বরাদ্দকৃত অর্থ হতে শুধুমাত্র অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাজেট শাখা-১১ এর ১৪/০১/২০১৬ তারিখের স্মারক নং-০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-১৫ এর পরিপত্র অনুসারে যোগদানকৃত কম্পিউটার অপারেটর গণের বেতন-ভাতাদি পরিশোধ করতে হবে। এ অর্থ অন্য কোন খাতে ব্যয় করা যাবে না।

(৫) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাজেট শাখা-১১ এর গত ১৪/০১/২০১৬ তারিখের স্মারক নং-০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-১৫ এর পরিপত্র অনুসারে উন্নয়ন প্রকল্পে কর্মরত জনবলের সাকুল্য বেতন ও ভাতা নির্ধারিত হবে।

(৬) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাজেট শাখা-১১ এর গত ১৪/০১/২০১৬ তারিখের স্মারক নং-০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-১৫ এর পরিপত্র এবং একই বিভাগের প্রবিধি অনুবিভাগের প্রবিধি শাখা-৩ এর গত ২৩/০৮/২০২১ তারিখের স্মারক নম্বর ০৭.০০.০০০০.১৭৩.৩১.০৪৮.১০-৭৩ এর নির্দেশনা,"একজন নবনিযুক্ত কর্মচারী যে মাসে উৎসব অনুষ্ঠিত হবে, সেই মাসে বা তার পূর্ববর্তী মাসে যত তারিখেই যোগদান করুক না কেন যোগদানকৃত পদের মূলবেতনের সমপরিমাণ অর্থ উৎসব ভাতা হিসেবে প্রাপ্য হবেন" অনুসারে কম্পিউটার অপারেটর পদে যোগদানকৃত মুসলিম কর্মচারীগণ ঈদুল আযহা এর উৎসব ভাতা প্রাপ্য হবেন।

(৭) কম্পিউটার অপারেটর পদে (গ্রেড ১৩) যোগদানের তারিখ হতে সাকুল্য বেতন প্রাপ্য হবেন।

(৮) এ বরাদ্দ হতে কোন জেলার কম্পিউটার অপারেটরগণের গত ২০২১-২০২২ অর্থ বছরের বেতন ভাতা বকেয়া থাকলে তা পরিশোধ করা যাবে।

(৯) যেসব জেলা গত জুন, ২০২২ সালের বেতন ও ঈদুল আযহার উৎসব ভাতা উত্তোলন করেনি সেসব জেলার বকেয়া বেতন-ভাতা এ বরাদ্দে প্রেরণ করা হয়েছে।

(১০) মুসলিম ধর্মাবলম্বী ব্যতীত অন্য ধর্মাবলম্বী কর্মচারীগণের জন্য ২টি মূল বেতনের সমপরিমাণ অর্থ উৎসব ভাতা হিসেবে প্রদান করা হয়েছে।

প্রকল্প পরিচালকের কার্যালয়, ভূমি মন্ত্রণালয়, ঢাকা-১০০০, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প

০৫। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৬/০৮/২০১৫ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৪; নম্বর পরিপত্র অনুযায়ী ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের আর্থিক ক্ষমতা বলে এ মঞ্জুরী আদেশ জারী করা হলো।

০৬। **চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার** তাঁকে ৬১ **জেলার** অনুকূলে এই মঞ্জুরীপত্র অগ্রায়ন/এনডোর্স করার জন্য অনুরোধ করা হলো।

২৫/০৮/২০২২

মোজাফফর আহমেদ
(যুগ্মসচিব)
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৭০১৬৭ (অফিস)
ই-মেইলঃ pdlandautomation@gmail.com

স্মারক নংঃ ৩১.০০.০০০০.০৯২.১০.০০৩.২২-১৮৫২

তারিখঃ ১০ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-**

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার (সকল)।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, সকল জেলা (তিন পার্বত্য জেলা ব্যতীত)।
৫। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়/অটোমেশন প্রকল্প। তাঁকে সরকারি মঞ্জুরী পত্রটি অটোমেশন প্রকল্পের/মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড এবং বিভাগওয়ারী জেলা প্রশাসকগণের ই-মেইলে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সকল জেলা ( তিন পার্বত্য জেলা ব্যতীত)।
৭। অফিস কপি/মাস্টার ফাইল।

২৫/০৮/২০২২

মোজাফফর আহমেদ
(যুগ্মসচিব)
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৭০১৬৭ (অফিস)
ই-মেইলঃ pdlandautomation@gmail.com